


আমার কি করা দরকার?

পূর্বে ইস্যুকৃত ডিভিও-এর জন্য:
আপনি দেশব্যাপী সুরক্ষিত আছেন
তা নিশ্চিত করার জন্য যেকোনো
সময় আপনি আপনার ডিভিও
নেয়ার ঘোষণা করতে পারেন।



অস্ট্রেলিয়ার যেকোনো স্থানীয় আদালতে
আবেদন করে আপনি তা করতে পারেন।
যে স্টেট বা টেরিটোরিতে আপনার অর্ডার
ইস্যু হয়েছিলো তা সে অঞ্চলের আদালত
না হলেও চলবে।

আপনি অস্ট্রেলিয়াতে অন্য কোনও স্টেট বা
টেরিটোরিতে ভ্রমণ বা বসবাসের জন্য ইচ্ছুক
না হলে আপনি আপনার অর্ডার ঘোষণা
না করার সিদ্ধান্তও নিতে পারেন। যে স্টেট
বা টেরিটোরিতে আপনার অর্ডার ইস্যু করা
হয়েছিলো আপনি সেখানে সুরক্ষিত থাকবেন।

যে সময়ে ডিভিও ইস্যুকৃত
হয়েছে বা পরবর্তীতে
ইস্যুকৃত ডিভিও-এর জন্য:
আপনার ডিভিও স্বয়ংক্রিয়ভাবে
ও জাতীয়ভাবে স্বীকৃত এবং
আপনার এর জন্য অন্য কোনও
পদক্ষেপ নেবার প্রয়োজন নেই।



অতিরিক্ত তথ্য

আপনার কোনও পদক্ষেপ নেয়ার
প্রয়োজন আছে কিনা এ ব্যাপারে
আপনি অনিশ্চিত হলে অথবা আপনার
অতিরিক্ত কোনও প্রশ্ন থাকলে,
যান www.ag.gov.au/ndvos
আপনার স্টেট বা টেরিটোরির সাথে
সম্পর্কিত তথ্যের জন্য আপনার স্থানীয়
কোর্টের সাথে যোগাযোগ করুন।

জাতীয় বলবতকরণ

ডমেস্টিক ভায়োলেন্স অর্ডারের ব্যাপারে

ন্যাশনাল ডমেস্টিক ভায়োলেন্স
অর্ডার স্কীম (THE NATIONAL
DOMESTIC VIOLENCE ORDER
SCHEME) চালু করা হয়েছে



www.ag.gov.au/ndvos

বাংলা / Bengali

National Enforcement of
Domestic Violence Orders

www.ag.gov.au/ndvos

জাতীয় বলবতকরণ

ডমেস্টিক ভায়োলেন্স অর্ডারের ব্যাপারে

পটভূমি

ফ্যামিলি এবং ডমেস্টিক ভায়োলেন্স মোটেও গ্রহণযোগ্য নয়। ভিক্টিমদের সুরক্ষা অত্যাবশ্যিক।

ডমেস্টিক ভায়োলেন্স ভিক্টিমদের সুরক্ষা উন্নয়নে অনেকগুলো নতুন আইন দেশব্যাপী চালু করা হয়েছে।

অতীতে, ডমেস্টিক ভায়োলেন্স অর্ডার (ডিভিও) শুধুমাত্র সেসব স্টেট বা টেরিটোরিতেই প্রযোজ্য ছিলো যেখানে সেগুলো ইস্যু বা রেজিস্টার করা হয়েছিলো।

এখন তার পরিবর্তন হয়েছে।

২৫শে নভেম্বর ২০১৭ সালে ন্যাশনাল ডমেস্টিক ভায়োলেন্স অর্ডার স্কীম চালু করা হয়। ২৫শে নভেম্বর ২০১৭ তারিখ থেকে ইস্যুকৃত সমস্ত ডিভিও এখন স্বয়ংক্রিয়ভাবে এবং জাতীয়ভাবে স্বীকৃত এবং প্রয়োগযোগ্য।

ভিক্টিমদের সুরক্ষা প্রদান

ন্যাশনাল ডমেস্টিক ভায়োলেন্স অর্ডার স্কীম ভিক্টিমদের এবং তাদের পরিবারদের সুরক্ষা ব্যবস্থাপনাকারী করে।

আপনার ডিভিও প্রয়োগযোগ্য করার জন্য আপনাকে এখন আর অস্ট্রেলিয়ার অন্য কোনও স্টেট বা টেরিটোরিতে আবেদন করে রেজিস্টার করতে হবে না।

আপনার যদি বর্তমানে এমন কোনও ডিভিও থাকে যা ২৫শে নভেম্বর ২০১৭ তারিখের পূর্বে ইস্যুকৃত তাহলে আদালতে আবেদন করার মাধ্যমে তা জাতীয়ভাবে স্বীকৃতিপ্রাপ্ত হতে পারে।

অস্ট্রেলিয়াব্যাপী প্রতিষ্ঠিত স্থানীয় আদালতগুলো একটি জাতীয়ভাবে স্বীকৃত ডিভিও সংশোধন করতে পারে, তা যেখানেই ইস্যু করা হোক না কেনো।

তবে স্থানীয় পুলিশ তাদের স্টেট বা টেরিটোরিতে ইস্যুকৃত সমস্ত ডিভিওগুলোর শর্তাবলী প্রয়োগ করবে, তা যে তারিখেই ইস্যু হয়ে থাক না কেনো।

ডমেস্টিক ভায়োলেন্সে আক্রান্ত ভিক্টিম এবং তাদের পারিবারিক সদস্যদের সুরক্ষা প্রদানের জন্য সেসব স্টেট ও টেরিটোরি আইন এখনও বিদ্যমান সেসব ক্ষেত্রে কোনও পরিবর্তন আনা হয়নি।



ডিভিওগুলোর প্রয়োগ

আপনি যদি ডিভিওর শর্তাবলী মেনে না চলেন তবে তা হবে অপরাধমূলক বেআইনি কাজ।

একটি ডিভিও এখন আর স্টেট বা টেরিটোরির সীমানাতেই সীমাবদ্ধ নয়। ইস্যুকৃত সমস্ত ডিভিও অস্ট্রেলিয়াব্যাপী প্রযোজ্য।

আপনার স্টেট বা টেরিটোরিতে একটি ডিভিওকে বিভিন্ন নামে ডাকা হতে পারে, যেমন, ইন্টারভেনশন অর্ডার, ফ্যামিলি ভায়োলেন্স অর্ডার, অ্যাপ্রিহেন্ডেড ডমেস্টিক ভায়োলেন্স অর্ডার অথবা প্রোটেকশন অর্ডার।

আমরা এখন অস্ট্রেলিয়ানদের আরও উন্নত সুরক্ষা প্রদানে সক্ষম
www.ag.gov.au/ndvos